জেলা ছাত্রলীগের কমিটিকে অভিনন্দন জানিয়ে কানাইঘাটে আনন্দ মিছিল

কানাইঘাট প্রতিনিধি:
দীর্ঘদিন পর বাংলাদেশ ছাত্রলীগের কেন্দ্রীয় সংসদ কর্তৃক সিলেট জেলা ছাত্রলীগের আংশিক কমিটি ঘোষনা করায় কেন্দ্রীয় কমিটিকে স্বাগত জানিয়ে ও নবগঠিত কমিটির নেতৃবৃন্দকে অভিন্দন জানিয়ে কানাইঘাটে আনন্দ মিছিল করেছে ছাত্রীলীগের নেতাকর্মীরা। গত মঙ্গলবার রাত ৮টায় বিপুল সংখ্যক নেতাকর্মীদের অংশ গ্রহনে কানাইঘাট বাজারে অনুষ্ঠিত আনন্দ মিছিল পরবর্তী বাজার ত্রিমোহনী পয়েন্টে পথসভায় সিলেট জেলা ছাত্রলীগের কমিটিকে স্বাগত জানিয়ে প্রধান অতিথি হিসাবে বক্তব্য রাখেন উপজেলা আওয়ামীলীগের সহ-সভাপতি জামাল উদ্দিন। উপজেলা ছাত্রলীগ নেতা দেলোয়ার হোসেনের সভাপতিত্বে ও কানাইঘাট সরকারি কলেজ শাখা ছাত্রলীগ নেতা সাহেদ আহমদের পরিচালনায় পথসভায় প্রধান বক্তা হিসাবে উপস্থিত ছিলেন উপজেলা ছাত্রলীগের সাবেক সভাপতি ও উপজেলা আওয়ামীলীগের সাংগঠনিক সম্পাদক গিয়াস উদ্দিন, বিশেষ অতিথি ছিলেন পৌর আওয়ামীলীগের সাধারন সম্পাদক খাজা শামীম আহমদ শাহিন, উপজেলা স্বেচ্ছা সেবকলীগের সাবেক যুগ্ম আহŸ◌ায়ক বাশার আহমদ, পৌরসভার ৩নং ওয়ার্ড আওয়ামীলীগের সাধারন সম্পাদক আফজল হোসেন রিজভী, আওয়ামীলীগ নেতা এনামুল হক, যুবলীগ নেতা ফরহাদ রেজা, জেলা ছাত্রলীগ মনিরুজ্জামান অপন, কলেজ ছাত্রলীগ নেতা মারুফ আহমদ, আফজল প্রমুখ। আনন্দ মিছিল পরবর্তী পথ সভায় বক্তারা দীর্ঘদিন পর সিলেট জেলা ছাত্রলীগের কমিটি উপহার দেওয়ায় কেন্দ্রীয় কমিটির নেতৃবৃন্দের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করে বলেন নবগঠিত কমিটির সভাপতি মুজিব আদর্শের লড়াকু সৈনিক নাজমুল ইসলাম সহ কমিটির নেতৃবৃন্দের বলিষ্ট নেতৃত্বে সিলেট জেলা ছাত্রলীগের সাংগঠনিক কার্যক্রম আরো শক্তিশালী হবে এবং কমিটির নেতৃত্বে ছাত্রলীগের নেতাকর্মীরা বর্তমান সরকারের উন্নয়ন মূলক কর্মকান্ড ঘরে ঘরে পৌছে দেওয়া সহ বিএনপি-জামায়াতের অপ রাজনীতির দাঁতভাঙ্গা জবাব দিতে সক্ষম হয়।